

WE ARE YOUR DOL

NEW YORK STATE  
Department  
of Labor

# টিপস প্রাপ্ত কর্মীদের ন্যূনতম মজুরি

1/1/24-12/31/24

1 জানুয়ারি, 2024 থেকে 31 ডিসেম্বর, 2024 পর্যন্ত, নিয়োগকর্তাদের প্রতি ঘণ্টায় ন্যূনতম যে হারে টিপ কর্মীদের দিতে হবে তা নিচে দেখানো হয়েছে।

## আতিথেয়তা শিল্প

	নিউ ইয়র্ক সিটি	লং আইল্যান্ড ও ওয়েস্টচেস্টার কাউন্টি	নিউ ইয়র্ক স্টেটের অবশিষ্টাংশ
পরিষেবার কর্মীবৃন্দ	\$13.35 নগদ মজুরি \$2.65 টিপ ক্রেডিট	\$13.35 নগদ মজুরি \$2.65 টিপ ক্রেডিট	\$12.50 নগদ পারিশ্রমিক \$2.50 টিপ ক্রেডিট
খাদ্য পরিষেবার কর্মীবৃন্দ	\$10.65 নগদ মজুরি \$5.35 টিপ ক্রেডিট	\$10.65 নগদ মজুরি \$5.35 টিপ ক্রেডিট	\$10 নগদ মজুরি \$5 টিপ ক্রেডিট

\*এই শিল্প ও অন্যান্য শিল্পে ন্যূনতম মজুরির মান সম্পর্কে আরও তথ্যের জন্য এখানে যান: <https://dol.ny.gov/minimum-wage-0>

## ন্যূনতম মজুরি মেটাতে নগদ মজুরি এবং টিপ ক্রেডিটগুলি সন্মিলিত করা হচ্ছে

নিউ ইয়র্ক স্টেটের আইন কমচারীর গ্রাহকদের থেকে প্রাপ্ত টিপসগুলির জন্য ক্রেডিট বা ভাতা সহ নিয়োগকর্তার দ্বারা প্রদত্ত একটি "নগদ মজুরি" সন্মিলিত করে ন্যূনতম মজুরি মেটানোর জন্য নিম্নোক্ত পরিষেবা ছাড়া অন্য সকল শিল্পের নিয়োগকর্তাদের অনুমতি প্রদান করে। উদাহরণস্বরূপ, নিউ ইয়র্ক সিটির খাদ্য পরিষেবার কর্মীদের ন্যূনতম মজুরি হল ঘণ্টা প্রতি \$16.00। তাদের নিয়োগকর্তারা ন্যূনতম মজুরি প্রতি ঘণ্টায় অনধিক \$5.35 টিপ ভাতা সহ কমপক্ষে \$10.65 নগদ মজুরির সঙ্গে সন্মিলিত করে মেটাতে পারেন।

## আতিথেয়তা শিল্পে টিপ ক্রেডিটের উপর সীমাবদ্ধতা

আতিথেয়তা শিল্পে নিয়োগকর্তারা টিপ ক্রেডিট গ্রহণ নাও করতে পারেন:

- সেই দিনগুলোতে যখন শ্রমিকরা দুই ঘণ্টা, বা কুড়ি শতাংশেরও বেশি সময় ব্যয় করে, টিপ-প্রাপ্ত না করে কাজ করে থাকে
- সপ্তাহে যখন পরিষেবা কর্মীরা নিম্নলিখিত অনুযায়ী প্রতি ঘণ্টায় কম টিপস পান:

## ঘণ্টা প্রতি গড় টিপস

	নিউ ইয়র্ক সিটি	লং আইল্যান্ড ও ওয়েস্টচেস্টার কাউন্টি	নিউ ইয়র্ক স্টেটের অবশিষ্টাংশ
রিস্ট হোটেলগুলিতে	\$8.95	\$8.95	\$8.40
রেস্তোরা ও সারা বছরের হোটেলগুলিতে	\$3.45	\$3.45	\$3.20

## অন্যান্য শিল্পে টিপ ক্রেডিট এর উপর সীমাবদ্ধতা

নিম্নোক্ত পরিষেবা শিল্পে কোনও টিপ ক্রেডিট পাওয়া যায় না।

যখন গড় সাপ্তাহিক টিপস নিয়োগকর্তার অবস্থান ও আয়তনের কারণে নির্দিষ্ট করা ন্যূনতম পরিমাণের চেয়ে কম হয় তখন টিপ ক্রেডিট পাওয়া যায় না।

অনুগ্রহ করে লক্ষ্য করুন: 31 ডিসেম্বর, 2020 তারিখের মতো, বিবিধ শিল্পে টিপের ভাতা দেওয়ার অনুমতি দেওয়া হয়নি (আতিথেয়তা, খামার-কর্মী ও নিম্নোক্ত পরিষেবা ছাড়া অন্য সকল শিল্পে)। নিয়োগকর্তাদের কোনও কর্মচারীর পাওয়া টিপসের কোনো অংশ রেখে দেওয়ার বা ধরে রাখার অনুমতি নেই।

## ওভারটাইম

টিপস প্রাপ্ত কর্মীদের ক্ষেত্রে, নিয়োগকর্তাদের ওভারটাইমে কাজ করা ঘণ্টার জন্য ন্যূনতম মজুরির হারের দেড়গুণ থেকে প্রয়োজ্য টিপ ক্রেডিট বাদ দিয়ে অর্থপ্রদান করা আবশ্যিক।

## আরও তথ্যের জন্য

আপনার অতিরিক্ত সহায়তার প্রয়োজন হলে অথবা আপনি একটি অভিযোগ দায়ের করতে চাইলে, অনুগ্রহ করে 1-888-4NYSDOL (1-888-469-7365) নম্বরে ফোন করুন অথবা [www.labor.ny.gov/minimumwage](http://www.labor.ny.gov/minimumwage) দেখুন।